গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পররাষ্ট্র মন্ত্রণালয়**
প্রশাসন অনুবিভাগ
**নীতি ও সংগঠন শাখা**
**ঢাকা**

নং-এডি-পিএন্ডও-৩৭৭/৭৯ তারিখঃ ২৫ জানুয়ারি ২০২১

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ এর বিধান প্রতিপালন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকা বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও মর্যাদার প্রতীক। এর মর্যাদা সমুন্নত রাখা প্রত্যেক নাগরিকের দায়িত্ব ও কর্তব্য। বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ (Revised up to May, 2010) এ জাতীয় পতাকা সংক্রান্ত বিধানাবলী সন্নিবেশিত রয়েছে, যার প্রতিপালন বাধ্যতামূলক। পতাকা বিধিমালা, ১৯৭২-এ উল্লিখিত দিবসমূহে আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলনের বিষয়ে সুস্পষ্ট বিধান রয়েছে যা নিম্নরুপঃ

> "(২৫) যেক্ষেত্রে আনুষ্ঠানিকভাবে 'পতাকা' উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে একই সাথে জাতীয় সঙ্গীত গাইতে হইবে। যখন জাতীয় সঙ্গীত বাজানো হয় এবং 'জাতীয় পতাকা' প্রদর্শিত হয়, তখন উপস্থিত সকলে 'পতাকা'র দিকে মুখ করিয়া দাঁড়াইবেন। ইউনিফর্মধারীরা স্যালুটরত থাকিবেন। 'পতাকা' প্রদর্শন না করা হইলে, উপস্থিত সকলে বাদ্য যন্ত্রের দিকে মুখ করিয়া দাঁড়াইবেন, ইউনিফর্মধারীরা জাতীয় সঙ্গীতের শুরু হইতে শেষ পর্যন্ত স্যালুটরত থাকিবেন।"

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলনের সময় বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২-এর বিধি ৭ (২৫) সহ অন্যান্য বিধি-বিধান কঠোরভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে ভবিষ্যতে এ বিধিমালা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এতদ্বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রটি সংযুক্ত করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তিটি জারি করা হলো।

Rubaiyat 25.01.2021

(রুবাইয়াত বিন্‌তে নাজমুল)
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)
ফোনঃ ৯৫৫৫৩২০

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

**সদয় অবগতির জন্য জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সকল কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২। রেক্টর, ফরেন সার্ভিস একাডেমী, সুগন্ধা, ২২ বেইলি রোড, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ইন্টারন্যাশনাল এ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ, ১/৪৬, ইস্কাটন রোড, রমনা, ঢাকা-১০০০।
০৪। পরিচালক, বাংলাদেশ ইন্সটিটিউট অব ল এ্যান্ড ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স, হাউজ নং-২২, রোড নং-৭ (ভাষা সৈনিক আব্দুল মতিন সড়ক), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৫।
০৫। দূতালয় প্রধান, বিদেশস্থ সকল বাংলাদেশ মিশন (অনারারী কনস্যুলেট ব্যতীত)।
০৬। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পররাষ্ট্র মন্ত্রণালয়েরর ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)।

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বিধি অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.১৩.১৪৬

তারিখ: ১৬ পৌষ ১৪২৭ / ৩১ ডিসেম্বর ২০২০

বিষয়: বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ এর বিধান প্রতিপালন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় পতাকা বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও মর্যাদার প্রতীক। এর মর্যাদা সমুন্নত রাখা প্রত্যেক নাগরিকের দায়িত্ব ও কর্তব্য। বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২ (Revised up to May, 2010) এ জাতীয় পতাকা সংক্রান্ত বিধানাবলী সন্নিবেশিত রয়েছে, যার প্রতিপালন বাধ্যতামূলক। পতাকা বিধিমালা ১৯৭২-এ উল্লিখিত দিবসসমূহে আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলনের বিষয়ে সুস্পষ্ট বিধান রয়েছে যা নিম্নরূপ:

> "(২৫) যেক্ষেত্রে আনুষ্ঠানিকভাবে 'পতাকা' উত্তোলন করা হয়, সেইক্ষেত্রে একই সাথে জাতীয় সঙ্গীত গাইতে হইবে। যখন জাতীয় সঙ্গীত বাজানো হয় এবং 'জাতীয় পতাকা' প্রদর্শিত হয়, তখন উপস্থিত সকলে 'পতাকা'র দিকে মুখ করিয়া দাঁড়াইবেন। ইউনিফর্মধারীরা স্যালুটরত থাকিবেন। 'পতাকা' প্রদর্শন না করা হইলে, উপস্থিত সকলে বাদ্য যন্ত্রের দিকে মুখ করিয়া দাঁড়াইবেন, ইউনিফর্মধারীরা জাতীয় সঙ্গীতের শুরু হইতে শেষ পর্যন্ত স্যালুটরত থাকিবেন।"

কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, জেলা পর্যায়ে জাতীয় দিবসসমূহে আনুষ্ঠানিকভাবে পতাকা উত্তোলনের সময় কতিপয় জেলার ইউনিফর্মধারী ব্যক্তি বিধি অনুযায়ী জাতীয় পতাকার প্রতি যথাযথভাবে সম্মান প্রদর্শন না করে জেলা প্রশাসকের সাথে পতাকা উত্তোলন করছেন যা বিধি বহির্ভূত।

০২। এমতাবস্থায়, আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলনের সময় বাংলাদেশের পতাকা বিধিমালা, ১৯৭২-এর বিধি ৭ (২৫) সহ অন্যান্য বিধি-বিধান কঠোরভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হলো এবং ভবিষ্যতে এ বিধিমালা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১.১২.২০২০
(শফিউল আজিম)
যুগ্মসচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।
৫। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
৬। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৭। বিভাগীয় কমিশনার (সকল)।
৮। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল)।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

\\MYSRV\rules_sec\Rules-2020\Flag rules\letter.doc

570/pin/(P80)/21
17/PS/7 1/ER